

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৯৯

১/ বিবিধ

আরবী

اللهم اهد قريشا فإن علم العالم منهم يسع طباق الأرض، اللهم أذقت أولها نكالا، فأذق أخرها نوالا أخرها نوالا ضعيف حدا

أخرجه ابن عدي في " الكامل " (8 / 2) وأبو نعيم (9 / 65) من طريق إسماعيل ابن مسلم، عن عطاء، عن ابن عباس مرفوعا، والخطيب (2 / 60 _ 61) وعنه العراقي في "محجة القرب " من طريق ابن عياش، عن عبد العزيز بن عبيد الله عن وهب بن كيسان، عن أبى هريرة مرفوعا

وهذان إسنادان ضعيفان جدا: إسماعيل بن مسلم وعبد العزيز بن عبيد الله الحمصي متروكان، والحديث عزاه في " الكشف " (2 / 53) للترمذي وأحمد عن ابن عباس، وهو وهم، فإنما أخرجا عنه الشطر الثاني منه كما سبق في الحديث الذي قبله

বাংলা

৩৯৯। হে আল্লাহ! তুমি কুরাইশদের হেদায়েত দান কর, কারণ তাদের একজন আলেমের জ্ঞান যমীনের স্তরগুলোকে ঘিরে ফেলে। হে আল্লাহ তুমি তাদের প্রথমাংশকে বিপদের স্বাদ গ্রহণ করিয়েছ, অতএব তাদের শেষাংশকে বখশীশের স্বাদ গ্রহণ করাও।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (৮/২) এবং আবু নুআইম (৯৬৫) ইসমাঈল ইবনু মুসলিম সূত্রে আতা হতে ... বর্ণনা করেছেন।



আল-খাতীব (২/৬০-৬১) এবং তার থেকে ইরাকী "মাহাজ্জাতুল কুরবি" গ্রন্থে ইবনু আইয়াশ সূত্রে আব্দুল আযীয ইবনু ওবাইদিল্লাহ হতে, তিনি ওয়াহাব ইবনু কায়সান হতে ... বর্ণনা করেছেন। এ সনদ দুটি খুবই দুর্বল। ইসমাঈল ইবনু মুসলিম এবং আব্দুল আযীয ইবনু ওবাইদিল্লাহ হিমসী তারা উভয়েই মাতরূক। "আল-কাশফ" গ্রন্থে বলা হয়েছে (২/৫৩)- হাদীসটি ইমাম আহমাদ এবং তিরমিয়ী ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন, এটি ধারণা মাত্র। কারণ তারা শুধুমাত্র দ্বিতীয় অংশটুকু বর্ণনা করেছেন, যেমনভাবে পূর্বের হাদীসে বলা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন